সারাদেশ

# ব্রাহ্মণবাড়িয়ায় ৯৬ বোতল ইসকফ সিরাপসহ যুবক গ্রেপ্তার

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ১৬ জুলাই ২০২৬, ০৪:৩১ PM




ছবি: প্রতিনিধি

ব্রাহ্মণবাড়িয়ার সদর উপজেলায় অভিযান চালিয়ে ৯৬ বোতল ইসকফ সিরাপসহ এক যুবককে গ্রেপ্তার করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)-৯।

র‍্যাব-৯ জানায়, বুধবার (১৫ জুলাই) সন্ধ্যা ৭টা ৫৫ মিনিটে গোপন সংবাদের ভিত্তিতে ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলার মাছিহাতা ইউনিয়নের আলাকপুর এলাকায় অভিযান পরিচালনা করে র‍্যাব-৯-এর সিপিসি-১-এর একটি দল। এ সময় র‍্যাবের উপস্থিতি টের পেয়ে এক ব্যক্তি একটি মোটরসাইকেল ফেলে পালানোর চেষ্টা করলে তাকে আটক করা হয়।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে আটক ব্যক্তি তার কাছে মাদকদ্রব্য থাকার কথা স্বীকার করেন। পরে তার দেখানো মতে মোটরসাইকেলের সিটের নিচে তল্লাশি চালিয়ে ৯৬ বোতল ইসকফ সিরাপ উদ্ধার করা হয়। একই সঙ্গে মোটরসাইকেলটি জব্দ করা হয়।

গ্রেপ্তার ব্যক্তি মো. সাগর (২৫)। তিনি ব্রাহ্মণবাড়িয়া জেলার আশুগঞ্জ উপজেলার সোনারামপুর এলাকার বাসিন্দা এবং মো. সোহেলের ছেলে।

র‍্যাব জানায়, গ্রেপ্তার ব্যক্তির বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর সংশ্লিষ্ট ধারায় মামলা দায়ের করা হয়েছে। পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য তাকে এবং জব্দ করা আলামত ব্রাহ্মণবাড়িয়া সদর মডেল থানায় হস্তান্তর করা হয়েছে।

র‍্যাব-৯ আরও জানায়, মাদকের বিরুদ্ধে সরকারের 'জিরো টলারেন্স' নীতি বাস্তবায়নে তাদের গোয়েন্দা তৎপরতা ও অভিযান অব্যাহত থাকবে।

---

## এ বিভাগের আরও খবর



**শীতলক্ষ্যা নদীতে নিখোঁজ ডুবুরি সাদিকের মরদেহ উদ্ধার**

নারায়ণগঞ্জের শীতলক্ষ্যা নদীতে নিখোঁজ হওয়া ফায়ার সার্ভিসের ডুবুরি মো. সাদিকের মরদেহ উদ্ধার করা হয়েছে। বৃহস্পতিবার (১৬ জুলাই) সন্ধ্যায় শহ...



**উদ্বোধনের আগেই বিবর্ণ ৭২ কোটি টাকার ভারতীয় মৈত্রীস্তম্ভ**

ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে মুক্তিযুদ্ধে আত্মদানকারী ভারতীয় মিত্রবাহিনীর সদস্যদের স্মরণে নির্মিত 'মৈত্রীস্তম্ভ' উদ্বোধনের আগেই সৌন্দর্য হারাতে...



### নারায়ণগঞ্জের আদমজী ইপিজেডে পোশাক কারখানার কাপড়ের গুদামে আগুন, নিয়ন্ত্রণে ৯ ইউনিট

নারায়ণগঞ্জের আদমজী রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) এলাকায় একটি পোশাক কারখানার কাপড়ের গুদামে আগুন লাগার ঘটনা ঘটেছে। আগুন নিয়ন্ত্রণে ফায়ার...



### ফটিকছড়িতে বৃহস্পতিবার সকাল-সন্ধ্যা হরতালের ডাক

নবগঠিত ফটিকছড়ি উত্তর উপজেলার সদর দপ্তর জনসাধারণের জন্য সহজ যোগাযোগযোগ্য ও ভৌগোলিকভাবে সুবিধাজনক স্থানে স্থাপনের দাবিতে আন্দোলন চলছে। এর অংশ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/brahmnbariyay-96-botl-iskf-sirapsh-jubk-greptar